



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
BANGLADESH OPEN UNIVERSITY  
তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯  
ই-মেইল : [iprd@bou.ac.bd](mailto:iprd@bou.ac.bd)

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

## প্রেস রিলিজ

০৩ জানুয়ারি ২০২৩

### বাউবির এমফিল ও পিএইচডি প্রেছামের ওরিয়েন্টেশন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের রিসার্চ ডিগ্রি ইউনিট কর্তৃক আয়োজিত এমফিল ও পিএইচডি গবেষকদের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ওরিয়েন্টেশন ০৩ জানুয়ারি ২০২৩ বুধবার বাউবির গাজীপুরস্থ বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি বাউবির উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বলেন, বাউবিতে ২০২৪ সালে একাডেমিক একসিলেন্স প্রতিষ্ঠা করা হবে। বাউবি গবেষণা ও শিক্ষার মান বজায় রেখে এমফিল ও পিএইচডি ডিগ্রি দিতে সক্ষম। মৌলিক গবেষণার মাধ্যমে বাউবিতে দৃষ্টান্ত স্থাপন করা হবে। গবেষণা একটি প্রশিক্ষণ এতে জ্ঞানের উদ্ভব এবং নতুনত্বের সৃষ্টি ঘটে। গবেষণার মাধ্যমে দেশ ও বিশ্ববিদ্যালয়কে সমৃদ্ধ করা এবং একাডেমিক গবেষণার পরিবেশ তৈরির আহবান জানান তিনি। বাংলাদেশ একটি পৃথিবীর বদ্বীপ অঞ্চল, এখানকার প্রকৃতি, জনপদ, জলবায়ু, ইতিহাস-ঐতিহ্য ও সংস্কৃতি নিয়ে গবেষণার পর্যাপ্ত সুযোগ রয়েছে। তিনি সকলকে মৌলিক গবেষণা এবং গবেষণায় বিভিন্ন ডিসিপ্লিন এর মধ্যে নলেজ শেয়ারিংয়ের আহবান জানান। গবেষণা থেকে প্রাপ্ত ফলাফল জার্নালে প্রকাশেরও তাগিদ দেন তিনি। বাউবিতে খুব শীঘ্রই ফুল টাইম রিসার্চ প্রফেসর এবং এসোসিয়েট রিসার্চ প্রফেসর নিয়োগ দেয়া হবে। এখানে বিদেশীরাও রিসার্চ প্রফেসর হিসেবে আসতে পারবেন।



এমফিল ও পিএইচডি গবেষকদের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ওরিয়েন্টেশনে বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার।

অনুষ্ঠানে বাউবির উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু ও ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল। স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম। সংশ্লিষ্ট স্কুলের ডিন ও গবেষণা তত্ত্বাবধায়কগণ ওরিয়েন্টেশনে উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন রিসার্চ ডিগ্রি ইউনিটের যুগ্ম-পরিচালক ড. মোঃ জামাল উদ্দিন খান। ওরিয়েন্টেশন প্রোগ্রামে ৫৫ জন গবেষক অংশগ্রহণ করেন।

স্বাক্ষর

(ড. আ ফ ম মেজবাহ উদ্দিন )

পরিচালক (ভারপ্রাপ্ত)